

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১৬৮

التجارات) ३२/ व्यवमा-वानिज्य

পরিচ্ছেদঃ ১২/১১. যে সকল বস্তুর ক্রয়-বিক্রয় বৈধ নয়।

بَابِ مَا لَا يَحِلُّ بَيْعُهُ

### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ سَعِيدِ الْقَطَّانُ، حَدَّثَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ، حَدَّثَنَا أَبُو جَعْفَرٍ الرَّازِيُّ، عَنْ عَاصِمٍ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عُبَيْدِ اللَّهِ الإِفْرِيقِيِّ، عَنْ أَبِي أُمَامَةَ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنْ بَيْعِ الْمُغَنِّيَاتِ وَعَنْ شِرَائِهِنَّ وَعَنْ كَسْبِهِنَّ وَعَنْ أَكْلِ أَثْمَانِهِنَّ .

#### বাংলা

২/২১৬৮। আবূ উমামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গায়িকা ক্রয়-বিক্রয় করতে, তাদের উপার্জন ও তাদের মূল্য ভোগ করতে নিষেধ করেছেন।

## **English**

It was narrated that Abu Umamah said:

"The Messenger of Allah, forbade selling or buying singing girls, and their wages, and consuming their price."

### ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহিহাহ ২৯২২।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. আবু জা'ফার আর-রাযী সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক সন্দেহ করেন। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার স্মৃতিশক্তি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭২৮৪, ৩৩/১৯২ নং পৃষ্ঠা) ২. আসিম বিন বাহদালাহ সম্পর্কে আবু বকর



আল-বাযযার বলেন, তিনি হাফিয ছিলেন না, তার হাদিস কেউ বর্জন করেছেন এমন কাউকে পাইনি। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার স্কৃতিশক্তি দুর্বল ছাড়া তার মাঝে অন্নি কোন দোষ পাইনি। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সিকাহ। ইসমাইল বিন উলায়্যাহ বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে, তার স্কৃতিশক্তি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০০২, ১৩/৪৭০ নং পৃষ্ঠা) ৩. আবুল মুহাল্লাব সম্পর্কে আবু আহমাদ বিন বিন আদী আল-জুরজানী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৯৯৯, ২৮/৬০ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি হাসান কিন্তু আবুল মুহাল্লাব এর কারণে সানাদটি খুবই দুর্বল। তাছাড়াও তার উসতায উবায়দুল্লাহ আল-ইফরিকী আবু উমামাহ থেকে হাদিস প্রবন করেননি। হাদিসটির ৭৮ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ১ টি জাল, ১২ টি অধিক দুর্বল, ২২ টি দুর্বল, ১৭ টি হাসান, ২৬ টি সহিহ হাদিস পাওয়া যায়, তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ১২৮২, ৩১৯৫, আহমাদ ২১৬৬৪, ২১৭৭৬, মু'জামুল আওসাত ৬৮৩৯, ৮৫৪১, আল-ফাওয়াইদ ১৫৫৫।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন